

ভারত-সংযুক্ত আরব আমিরশাহী ভার্চুয়াল শীর্ষ সম্মেলন

ফেব্রুয়ারি 16, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং আবুধাবির ক্রাউন প্রিন্স এবং সংযুক্ত আরব আমিরশাহীর সশস্ত্র বাহিনীর ডেপুটি সুপ্রিম কমান্ডার, হিজ হাইনেস শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান 18 ফেব্রুয়ারি, 2022-এ একটি ভার্চুয়াল শীর্ষ সম্মেলন করবেন। এমন সময়ে উভয় নেতাই দুই দেশের মধ্যে ঐতিহাসিক এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কের বিষয়ে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করবেন বলে আশা করা হচ্ছে, যখন ভারত তার স্বাধীনতার 75 বছর উদযাপন করছে আজাদি কা অমৃত মহোতসব এবং সংযুক্ত আরব আমিরশাহী তার প্রতিষ্ঠার 50 তম বার্ষিকী উদযাপন করছে।

দুই নেতা দ্বিপাক্ষিক সহযোগিতা নিয়েও আলোচনা করবেন এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে মত বিনিময় করবেন। সাম্প্রতিক বছরগুলিতে, ভারত এবং সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক সমস্ত ক্ষেত্রে শক্তিশালী হয়েছে এবং উভয় পক্ষই একটি ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব শুরু করেছে। প্রধানমন্ত্রী 2015, 2018 এবং 2019 সালে সংযুক্ত আরব আমিরশাহী সফর করেছিলেন ওন্যাদিকে আবুধাবির ক্রাউন প্রিন্স 2016 এবং 2017 সালে ভারত সফর করেছিলেন। দুই পক্ষের মধ্যে মন্ত্রী পর্যায়ের সফরও অব্যাহত রয়েছে, যার মধ্যে রয়েছে পররাষ্ট্রমন্ত্রীর তিনটি সফর এবং 2021 সালে বাণিজ্য ও শিল্পমন্ত্রীর সংযুক্ত আরব আমিরশাহী সফর।

কোভিড-19 অতিমারী চলাকালীন স্বাস্থ্যসেবা ও খাদ্য নিরাপত্তার গুরুত্বপূর্ণ ক্ষেত্রে উভয় পক্ষই ঘনিষ্ঠভাবে সহযোগিতা করেছে। দ্বিপাক্ষিক বাণিজ্য, বিনিয়োগ ও জ্বালানি সম্পর্ক মজবুত হয়েছে। উভয় পক্ষ পুনর্নবীকরণ যোগ্য শক্তি, স্টার্ট আপ, ফিনটেক ইত্যাদির নতুন ক্ষেত্রে তাদের সহযোগিতা জোরদার করেছে। দুবাই এক্সপো 2020-এ ভারত অন্যতম বৃহত্তম প্যাভিলিয়নের সাথে অংশগ্রহণ করেছে।

দ্বিপাক্ষিক সম্পর্কের একটি বড় উদ্যোগ হল ব্যাপক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (সিইপিএ) সিইপিএ-র জন্য আলোচনা 2021 সালের সেপ্টেম্বরে শুরু হয়েছিল এবং সম্পন্ন হয়েছে। চুক্তিটি ভারত-ইউএই অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ককে পরবর্তী স্তরে নিয়ে যাবে। সংযুক্ত আরব আমিরশাহী হল ভারতের তৃতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার, এবং দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক উল্লেখযোগ্য উন্নতির আশা করা হচ্ছে।

সংযুক্ত আরব আমিরশাহীতে একটি বড় সংখ্যার ভারতীয় সম্প্রদায়ের বসবাস যার সংখ্যা প্রায় 3.5 মিলিয়নের কাছাকাছি। অতিমারী চলাকালীন ভারতীয় সম্প্রদায়কে সমর্থন করার জন্য প্রধানমন্ত্রী সংযুক্ত আরব আমিরশাহীর নেতৃত্বের প্রতি ভারতের কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। সংযুক্ত আরব আমিরশাহীর নেতৃত্বও এর উন্নয়নে ভারতীয় সম্প্রদায়ের অবদানের প্রশংসা করেছে। উভয় পক্ষই অতিমারী চলাকালীন 2020 সালে একটি এয়ার বাবল ব্যবস্থায় সম্মত হয়েছিল যা কোভিড -19 দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জ সত্ত্বেও দুই দেশের মধ্যে মানুষের চলাচলকে সক্ষম করেছে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 16, 2022